অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

উচ্চ-মানসম্মত শিক্ষা প্রদান এবং মহামারীর ফলে হওয়া শিক্ষার ক্ষতি কাটিয়ে উঠার এজেন্ডা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

ঐতিহাসিক পর্যায়ের আর্থিক সহায়তা ফাউন্ডেশন এইডকে অর্থায়ন করছে, এবং শিক্ষার্থীদের উপর অন্য যেকোনো স্টেটের তুলনায় বেশি বিনিয়োগ করছে

4-বছর-বয়সী আরো 17,500 শিশুর জন্য পূর্ণ-দিবস পাবলিক প্রি-কিন্ডারগার্টেন সম্প্রসারণ করছে

মহামারীর ফলে হওয়া শিক্ষার ক্ষতি কাটিয়ে উঠতে স্টেটজুড়ে উচ্চ-প্রভাবসম্পন্ন টিউটরিং কর্মসূচি প্রতিষ্ঠা করছে

শিক্ষার্থীদের ঋণ কমিয়ে আনা এবং ক্যারিয়ারের জন্য প্রস্তুতি নেওয়ার সুযোগ করে দেওয়ার জন্য শিক্ষার্থীদেরকে হাই স্কুলে থাকা অবস্থায় কলেজ ক্রেডিট অর্জন করার সুযোগ প্রদান করছে

গভর্নর ক্যাথি হোকল আজ 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণের অংশ হিসেবে নিউ ইয়র্কের প্রতিটি শিশুকে উচ্চ-মানসম্মত শিক্ষা অর্জনের মধ্য দিয়ে সফল হয়ে উঠার হাতিয়ার প্রদান করার জন্য একটি সমন্বিত এজেন্ডা ঘোষণা করেছেন। প্রতিষ্ঠার পর থেকে এই প্রথম, গভর্নর হোকল ফাউন্ডেশন এইড (Foundation Aid)-কে পূর্ণাঙ্গ অর্থায়ন প্রদান করছেন, যেটি স্টেটজুড়ে সব স্কুল ডিস্ট্রিক্টের জন্য একটি নজিরবিহীন অর্জন। ফাউন্ডেশন এইড অসমতা মোকাবেলা করার জন্য তহবিল বরাদ্দ করার সময় ডিস্ট্রিক্টগুলোর অনন্য চাহিদাগুলোকে বিবেচনায় নিয়ে থাকে এবং যেসব স্কুলের প্রয়োজন রয়েছে সেগুলো যাতে তাদের প্রাপ্য তহবিল পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করে থাকে। সেইসাথে, এই প্রশাসন উচ্চ-মানসম্মত, পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেন সম্প্রসারণ করার জন্য 125 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে এবং মহামারীর ফলে শিক্ষার্থীদের সম্মুখীন হওয়া শিক্ষার ক্ষতি কাটিয়ে উঠার জন্য স্টেটজুড়ে ডিস্ট্রিক্টগুলোতে উচ্চ-প্রভাবসম্পন্ন টিউটরিং কর্মসূচি প্রতিষ্ঠা করার জন্য 250 মিলিয়ন ডলার বরাদ্দ করছে। এছাড়াও গভর্নর হোকল ঘোষণা করেছেন যে হাই স্কুলের শিক্ষার্থীরা কলেজের শিক্ষা অগ্রিম শুরু করে দেওয়া, শিক্ষার্থী ঋণ কমিয়ে আনা, এবং নিজেদের ক্যারিয়ারের জন্য প্রস্তুতি নেওয়ার জন্য কলেজ ক্রেডিট অর্জন করার সুযোগ পাবে।

"নিউ ইয়র্কের সব শিক্ষার্থী, প্রি-কিন্ডারগার্টেন থেকে কলেজ গ্র্যাজুয়েশন পর্যন্ত, উচ্চ-মানসম্মত শিক্ষার অ্যাক্সেস পাওয়ার অধিকারী," **বলেছেন গভর্নর হোকল।** "পাবলিক স্কুলগুলোতে ঐতিহাসিক বিনিয়োগ সম্পন্ন করা, সর্বজনীন প্রি-কিন্ডারগার্টেন এবং টিউটরিং কর্মসূচি সম্প্রসারণ করা, এবং হাই স্কুলে থাকা অবস্থায় কলেজ ক্রেডিট অর্জন করার সুযোগ সম্প্রসারণ করার মাধ্যমে, আমরা শিক্ষার্থীদের নিজেদের জন্য এবং নিউ ইয়র্কের জন্য একটি অধিকতর উজ্জ্বল ভবিষ্যত গড়ে তোলার পথ তৈরি করছি।"

শিক্ষা সংক্রান্ত নীতিমালা ও কর্মসূচির এই অবস্থা নিউ ইয়র্ককে মহামারীর সময়ে হারিয়ে ফেলা অর্জন ফিরে পেতে সাহায্য করবে এবং শিক্ষার্থীদেরকে একটি উজ্জ্বলতর ভবিষ্যত গঠনের দিকে এগিয়ে যাওয়ার পথে ফিরিয়ে নিয়ে আসবে।

<u>পাবলিক শিক্ষা খাতে ঐতিহাসিক বিনিয়োগ</u>

গভর্নর হোকল ফাউন্ডেশন এইডকে পূর্ণাঙ্গ অর্থায়ন করার ব্যাপারে তার অঙ্গীকারাবদ্ধতা পূরণ করছেন, যা স্টেটের প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনায় সহায়তা করার ফর্মুলা, যেটি প্রয়োজন, কমিউনিটির সম্পদ, এবং আঞ্চলিক ব্যয়ের পার্থক্যের উপর ভিত্তি করে স্কুল ডিস্ট্রিক্টগুলোকে তহবিল বরাদ্দ করে থাকে। তিনি বাড়তি 2.7 বিলিয়ন ডলার বিনিয়োগ করছেন, যা 24 বিলিয়ন ডলারেরও বেশি মোট সহায়তার পরিমাণের চেয়ে 13 শতাংশ বেশি, যা সবচেয়ে বেশি প্রয়োজন থাকা শিক্ষার্থীদের প্রতি নজর দেবে। নিউ ইয়র্কের শিক্ষা ব্যবস্থা দেশের যেকোনো স্টেটের তুলনায় প্রত্যেক শিক্ষার্থীর জন্য সর্বোচ্চ তহবিল প্রদান করবে। নিউ ইয়র্কের পাবলিক স্কুলগুলোর জন্য ঐতিহাসিক পর্যায়ের আর্থিক সহায়তা সুযোগ-সুবিধার অ্যাক্সেস বিস্তৃত করা এবং নিউ ইয়র্ককে ভবিষ্যতের শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার সক্ষমতা প্রদান করার মাধ্যমে, আগামী প্রজন্মগুলোর জন্য ভূমিকা রাখতে থাকবে।

<u>পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেনের জন্য বিনিয়োগ</u>

গভর্নর হোকল নিউ ইয়র্ককে সত্যিকার অর্থে সর্বজনীন প্রি-কিন্ডারগার্টেনের অধিকতর কাছাকাছি নিয়ে আসার জন্য শৈশবের প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে স্টেটের বিনিয়োগকে দ্বিগুণে উন্নীত করছেন। এবছর, তিনি উচ্চ-মানসম্মত, পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেন সম্প্রসারণ করার জন্য আরো 125 মিলিয়ন ডলার যোগ করবেন, যা 4-বছর-বয়সী আরো প্রায় 17,500 শিশু ও তাদের পরিবারকে উপকৃত করবে এবং উচ্চ-মানসম্মত প্রি-কিন্ডারগার্টেনের জন্য স্টেটের মোট বার্ষিক বিনিয়োগের পরিমাণ 1.2 বিলিয়ন ডলারে উন্নীত করবে। এই তহবিল কাজে লাগিয়ে, স্টেট 4-বছর-বয়সী শিশুদের জন্য সম্পূর্ণ সর্বজনীন প্রি-কিন্ডারগার্টেন শিক্ষা প্রদান করার ক্ষেত্রে প্রায় 95 শতাংশ লক্ষ্যমাত্রা পূরণ করবে।

<u>মহামারীর ফলে ঘটে যাওয়া শিক্ষার ক্ষতি কাটিয়ে উঠতে স্টেটজুড়ে উচ্চ-প্রভাবসম্পন্ন টিউটরিং কর্মসূচি প্রতিষ্ঠা করা</u>

মহামারীর কারণে শিক্ষাদানের সময় হারিয়ে ফেলার ক্ষতি পূরণ করার জন্য আমাদের শিক্ষার্থীদেরকে পুনরায় ট্র্যাকে ফিরিয়ে আনতে গভর্নর হোকল দৃঢ় প্রতিজ্ঞ। এই প্রশাসন ফাউন্ডেশন এইড-এর জন্য ঐতিহাসিক তহবিল বৃদ্ধির মধ্যে স্টেটজুড়ে ডিস্ট্রিক্টগুলোতে উচ্চ-প্রভাবসম্পন্ন টিউটরিং কর্মসূচি প্রতিষ্ঠা করার জন্য 250 মিলিয়ন ডলার বরাদ্দ করবে। এসব কর্মসূচি স্কুল ডিস্ট্রিক্টগুলোর দ্বারা নিজস্ব প্রাঙ্গণে অথবা বহিরাগত সেবা প্রদানকারীদের সঙ্গে

অংশীদারিত্বের মাধ্যমে বাস্তবায়ন করা হবে, এবং গ্রেড 3-8 এর শিক্ষার্থীদেরকে পাঠ ও গণিতের ক্ষেত্রে সহায়তা করার প্রতি মনোযোগ দেবে।

শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণের উপর মহামারীর প্রভাব নিউ ইয়র্কে বিশেষভাবে প্রকট হয়ে উঠেছিল। শিক্ষার অগ্রগতি সংক্রান্ত জাতীয় মূল্যায়ন (National Assessment of Educational Progress, NAEP)-এর তথ্য অনুযায়ী, নিউ ইয়র্কে চতুর্থ গ্রেডের শিক্ষার্থীদের প্রাথমিক দক্ষতার স্তরে বা তার উপরে ফলাফল অর্জন করার শতকরা পরিমাণ গণিতে 10 শতাংশ পয়েন্ট কমেছে (76 শতাংশ থেকে 66 শতাংশ) এবং পাঠের ক্ষেত্রে 8 শতাংশ পয়েন্ট কমেছে (66 শতাংশ থেকে 58 শতাংশ), যা জাতীয় গড় পরিমাণের চেয়ে বেশি পরিমাণে কমেছে।

"উচ্চ-প্রভাবসম্পন্ন টিউটরিং" হচ্ছে এমন একটি হস্তক্ষেপ যেটি শিক্ষার্থীদেরকে ট্র্যাকে ফিরে আসতে সাহায্য করা এবং অর্থপূর্ণ উপায়ে একাডেমিক অর্জন বৃদ্ধি করার ক্ষেত্রে সঙ্গতিপূর্ণভাবে ফলপ্রসূ হতে দেখা গেছে। এই সেবা পাওয়া প্রত্যেক শিক্ষার্থী তাদের নিজস্ব প্রয়োজন অনুযায়ী কাস্টমাইজকৃত শিক্ষানির্দেশনার সময় পাবে। কার্যকর কর্মসূচিগুলোর মধ্যে প্রতি সপ্তাহে একাধিক সেশন অন্তর্ভুক্ত থাকবে এবং এর ফলে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে অর্থপূর্ণ সম্পর্ক গড়ে উঠবে। অধ্যয়নগুলোর একটি মেটা-বিশ্লেষণে দেখা গেছে যে, টিউটরিং এর ফলে বৃদ্ধি পাওয়া অর্জনের গড় পরিমাণ 3 থেকে 15 মাসের অতিরিক্ত নিয়মিত শিক্ষাগ্রহণের সমতুল্য।

<u>হাই স্কুলের শিক্ষার্থীদেরকে কলেজ ক্রেডিট প্রদান করার জন্য কর্মসূচি তৈরি করা</u>
গভর্নর হোকল নতুন আর্লি কলেজ হাই স্কুল এবং P-TECH কর্মসূচি প্রতিষ্ঠায় সহায়তা করার জন্য আরো 20 মিলিয়ন ডলার বিনিয়োগ করবেন যা শিক্ষার্থীদেরকে হাই স্কুলে থাকা অবস্থায় কলেজ ক্রেডিট অর্জন করার সুযোগ করে দেবে। হাই স্কুলে কলেজ পর্যায়ের কোর্সগুলো প্রদান করার ফলে শিক্ষার্থীরা কলেজ পর্যায়ের শিক্ষা অর্জনের ক্ষেত্রে এগিয়ে থাকার, নিজেদের শিক্ষার্থী ঋণ কমিয়ে আনার, এবং ক্যারিয়ার গঠনের জন্য প্রস্তুতি নেওয়ার সুযোগ পাবে। স্টেটজুড়ে এসব কর্মসূচি বৃদ্ধিতে উৎসাহিত করার জন্য, নতুন তহবিল প্রদানের জন্য সেসব স্কুল ডিস্ট্রিক্টগুলোকে টার্গেট করা হবে যেগুলো নিজেদের কর্মসূচির নকশা অবহিত করার জন্য উচ্চতর শিক্ষার প্রতিষ্ঠানগুলো এবং শিল্পখাতের অংশীদারদের সঙ্গে সহযোগী হয়ে কাজ করছে। বর্তমান ও ভবিষ্যতের প্রযুক্তি খাতের কর্মসংস্থানগুলোর দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে—যার মধ্যে মাইক্রন প্রকল্পের ফলস্বরূপ সেন্ট্রাল নিউ ইয়র্কে তৈরি হতে যাওয়া কয়েক হাজার কর্মসংস্থানও অন্তর্ভুক্ত রয়েছে—কম্পিউটার বিজ্ঞান এবং কম্পিউটার ও সফটওয়্যার প্রকৌশল এর প্রতি নজর দেওয়া প্রোগ্রামগুলোকে, এবং সেইসাথে বেশি প্রয়োজন রয়েছে এমন স্কুল ডিস্ট্রিক্টগুলোর শিক্ষার্থীদেরকে সেবা প্রদানকারী প্রোগ্রামগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418